বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন
ব্লক- ই, লেভেল-১ (২য় তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২১৫।

টেলিফোন ঃ ০২২২২২৩০০৫৬
ইমেইল ঃ landrev@yahoo.com

স্মারক নং-বাপাউবো (ভূ ও রা)/ এল-৪৬/২০২২/৪৩৬ তারিখ ঃ ৩০-১০-২০২২ খ্রিঃ।

বিষয় ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূ-সম্পত্তি ও রাজস্ব আহরণ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রসংগে।

সূত্র ঃ ১। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০৩১.৯৯.০১৩.২২.৩৩৫ তারিখ ২৬ অক্টোবর ২০২২ খ্রিঃ।
২। বাপাউবো (ভূ ও রা) বি-৩/শা-৩/এল-৪৬/২০২২/৪২০ তারিখ- ২৪ অক্টোবর ২০২২ খ্রিঃ।

যথাবিহীত সম্মান পূর্বক উপর্যুক্ত বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়েরর অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে গত ২০-১০-২০২২ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, এতদসংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে সূত্র-২ মোতাবেক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের অনুরোধ জানানো হয়েছে (কপি সংযুক্ত)।

বিষয়টি অতীব জরুরী।

সংযোজন ঃ বর্ণনামতে।

৩০/১০/২০২২

(মোঃ রেজাউল করিম)
পরিচালক
পরিচিতি নং-৬৭০৩০১০০৪

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপাউবো,
ঢাকা/রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

স্মারক নং- বাপাউবো (ভূ ও রা)/ এল-৪৬/২০২২/৪৩৬/১ (৬) তারিখ ঃ ৩০-১০-২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) পওর/পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো ।
২। সি এস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন) বাপাউবো, ঢাকা।
৬। অফিস কপি/মাষ্টার কপি।

৩০/১০/2022

(মোঃ আবদুর রশিদ মোল্লাহ্)
উপ-পরিচালক-৩ (অঃ দাঃ)
পরিচিতি নং-৬৬০১১৫০০৩

F:\New folder\AD-2-2021.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূ-সম্পত্তি ও রাজস্ব আহরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দা সালমা জাফরীন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২০/১০/২০২২ খ্রি.। |
| সভার সময় | বেলা ১২:৩০ ঘটিকা |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

পানি সম্পদ মন্ত্রণালয়েয় আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ভূ-সম্পত্তি ও রাজস্ব আহরণ বিষয়ে গত ২০/১০/২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:৩০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তি বিষয়ক গত ১৩/০৯/২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা হয়। বাপাউবো'র প্রতিনিধিগণ এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির কোন তথ্য উপস্থাপন করতে পারেনি। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, এক বছর পার হওয়ার পরেও গত ১৩/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ না করা সংশ্লিষ্টদের দায়িত্বে অবহেলার সামীল। এজন্য সভায় তিনি অসন্তোষ প্রকাশ করেন।

০৩। সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্ব আহরণের বর্তমান হার নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা মতে এই হার সময়োপযুগি ভাবে নির্ধারণপূর্বক তা বিবেচনার জন্য বাপাউবো'র পরিচালনা পর্যদের পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সভায় ঐক্যমত্য হয়।

০৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| (ক) | এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত গত ১৩/০৯/২০২১ তারিখের সভার সিদ্ধান্তের দফাওয়ারী বাস্তবায়ন অগ্রগতি আগামী ১০ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তথ্য প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হবে। | মহাপরিচালক, বাপাউবো। |
| (খ) | গত ১৩/০৯/২০২১ তারিখের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ না করার জন্য দায়ী কর্মকর্তাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| (গ) | ভূ-সম্পত্তি ও রাজস্ব আহরণের সাথে সম্পৃক্ত দপ্তরসমূহে উদ্যোমী, উদ্যোগী, সৎ, দক্ষ কর্মকর্তা পদায়ন করতে হবে। | |
| (ঘ) | পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশক্রমে ধার্যকৃত রেন্ট রেট অনুমোদনের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | |

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shobreen

সৈয়দা সালমা জাফরীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.০১৩.২২.৩৩৫

তারিখ: ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা
২) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

মিতু মরিয়ম
সিনিয়র সহকারী সচিব

পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৩.০৯.২০২১ তারিখ বাপাউবোর সম্পত্তি বিষয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি 'ছক' (ভূমি ও রাজস্ব পরিদপ্তর সংশ্লিষ্ট অংশ)।

জোনের নাম ঃ

সার্কেলের নাম ঃ

জমির পরিমাণঃ একরে, অর্থের পরিমাণ লক্ষ টাকায়

| পানি উন্নয়ন/পওর বিভাগের নাম | অধিগ্রহণকৃত/ মালিকানাধীন জমির পরিমাণ | হাল রেকর্ডের বিবরণ | | | ব্যবহৃত জমির পরিমাণ | সাময়িক অব্যবহৃত জমির পরিমাণ | ইজারাকৃত জমির পরিমাণ | রাজস্ব আদায়ের বিবরণ | | | অবৈধ দখলদার উচ্ছেদের বিবরণ (৬৪ জেলা খাল খনন প্রকল্প ব্যতিত) | | | | BWDB লেখা পিলার স্থাপন (With Video). | | ডিজিটাল স্টোরেজ প্রকল্প প্রণয়ণ সংক্রান্ত তথ্যাদি প্রেরণ | ভূমি সংক্রান্ত বিচারাধীন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | হাল রেকর্ড কৃত জমির পরিমাণ | হাল রেকর্ড না হওয়া জমির পরিমাণ | হাল রেকর্ড সংশোধনকৃত জমির পরিমাণ | | | | বকেয়া | হাল | মোট | মোট সংখ্যা | জমির পরিমাণ | উচ্ছেদকৃত সংখ্যা | জমির পরিমাণ | মোট স্থাপন যোগ্য পিলারের সংখ্যা | স্থাপিত পিলারের সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |

১

তেজগাও, ঢাকা।

৯) সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী,